

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ১০টি প্রতিষ্ঠানকে ৪৩.০০ হাজার টাকা জরিমানা

৮ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৩ জন কর্মকর্তার নেতৃত্বে গোপালগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া ও দিনাজপুরে আজ বাজার তদারকি করা হয়।

গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামিম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আসাদুল ইসলামের নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়ার কসবা উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৯,৫০০/- (উনিশ হাজার পাঁচশত) টাকা ও দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল নাসিমের নেতৃত্বে দিনাজপুরের বিরামপুর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৬,০০০/- (ষোল হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৩টি বাজার তদারকিতে ১০টি প্রতিষ্ঠানকে মোট ৪৩,৫০০/- (তেতাল্লিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতি, বাজার কর্মকর্তা ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম ও রংপুর।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, গোপালগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া ও দিনাজপুর।
- ৬। পুলিশ সুপার, গোপালগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া ও দিনাজপুর।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।